6

দৈনিক ইনকিলাব

তারিখ ... 20 NOV 1998 ...
পৃষ্ঠা ৫ কলাম ৬

## বিএ (পাস) পুরাতন সিলেবাসভুক্তদের ভোগান্তি প্রসঙ্গে

দীর্ঘদিন যাবত দেশের বিশ্ববিদ্যালয়সমূহ ও সর্বশেষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ডিগ্রী কলেজগুলোর সিলেবাসে (১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষ পর্যন্ত) ইংরেজী ঐচ্ছিক বিষয় হিসেবে ছিল। ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষ হতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল ডিগ্রী কলেজে ইংরেজী বাধ্যতামূলক করা হয়েছে। চলিত নিয়মানুযায়ী , ১৯৯৪-৯৫ ব্যাচের নিবন্ধীভুক্ত ছাত্ররা ১৯৯৬, ১৯৯৭, ১৯৯৮ সালের ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগপ্রাপ্তির দাবীদার। অথচ উক্ত ব্যাচের ছাত্ররা ১৯৯৬ ও ১৯৯৭ (যা ১৯৯৮ সালে অনুষ্ঠিত হয়) সালেই শুধু পরীক্ষা দেবার সুযোগ পেয়েছে। বিভিন্ন মহল থেকে শোনা যাচ্ছে, উক্ত ব্যাচের ছাত্রদের ১৯৯৮ সালের ডিগ্রী পরীক্ষায় অর্থৎ রেজিস্ট্রেশনের মেয়াদোত্তীর্ণের সর্বশেষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। সঙ্গত কারণেই অভিভাবক ও ছাত্র মহলে এ নিয়ে ভীতি ও যন্ত্রণা-কল্পনা শুরু হয়েছে। এখানে প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ছাত্রদের মধ্যে যারা ১৯৯৫-৯৬ অর্থাৎ নতুন ব্যাচের সঙ্গে ফরম পূরণ করে পরীক্ষা দিয়েছিল তারা অনেকে অকৃতকার্য হওয়ায় তিনবারই পরীক্ষায় অংশ নেবার সুযোগ পাচ্ছে। অথচ বঞ্চিত হচ্ছে শুধু ১৯৯৪-৯৫ ব্যাচের অবশিষ্ট ছাত্ররা। তাই উক্ত ব্যাচের ছাত্রদের ন্যায্য শেষ সুযোগ থেকে বঞ্চিত হলে তাদের পক্ষে আবার নতুন করে ইংরেজীসহ রেজিস্ট্রেশন করে পাস করা আদৌ সম্ভব হবে না। তাই ১৯৯৪-৯৫ ব্যাচের ডিগ্রীর ছাত্রদের এ বৈধ অধিকারের প্রতি সুদৃষ্টি দিয়ে আশু কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ শিক্ষামন্ত্রী ও প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

—মোঃ সিদ্দিকুর রহমান,
পাংশা, রাজবাড়ী।